৯৩

JUL 04 2000

তারিখ ... JUL 05 2000 ...
পৃষ্ঠা ............ কলাম ............

# শিবিরের হামলায় ছাত্রদলের ২০ জন আহত : ভিক্টোরিয়া কলেজ বন্ধ ঘোষণা

কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লা ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয় কলেজের নজরুল ইসলাম হলে সশস্ত্র ছাত্র শিবির কর্মীদের হামলায় ছাত্রদলের ২০ জন নেতাকর্মী আহত হয়েছে। এ সময় শিবির কর্মীরা হলটি দখল করে নেয়। এ ঘটনায় হল সুপার ও সহকারী সুপারদ্বয় পদত্যাগ করেছে। ঘটনাটি ঘটে গত রোববার রাতে। সোমবার ছাত্রদল ও শিবিরের সশস্ত্র কর্মীরা কলেজ ক্যাম্পাসে প্রকাশ্যে অস্ত্রের মহড়া করে। কলেজ কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য হল ও ৩ দিনের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেছে।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ জানায়, হলে নবীন বরণ এবং খাওয়ার বিষয় নিয়ে শিবির কর্মীরা প্রধান্য বিস্তার করতে চাইলে ছাত্রদল কর্মীরা বাধা দেয় এবং কথা কাটাকাটি হয়। এতে ক্ষিপ্ত হয়ে রাত ১১টায় শিবির কর্মীরা

শিবিরের : পৃষ্ঠা : ১৫ কলাম :৮

## শিবিরের : বন্ধ ঘোষণা

(১ম পৃষ্ঠার পর)

পরিকল্পিতভাবে ছাত্রদলের ওপর এ হামলা চালায়। জেলা ছাত্রদলের সদস্য মোঃ সোহাগ, ছাত্রদল কর্মী টিপু, খোরশেদ, লিটনসহ কমপক্ষে ২০ জন নেতাকর্মী হামলায় আহত হয়। আহতদের মধ্যে সোহাগের অবস্থা আশঙ্কাজনক। আহতদের কুমিল্লা সদর ও মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এই ঘটনায় ছাত্রলীগকে ঠেকানোর জন্য গঠিত ছাত্রদল-শিবিরের দীর্ঘদিনের ঐক্যে ফাটল ধরেছে।